

এইচ এস সি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড)

বিষয় : বাংলা ২য় পত্র (সৃজনশীল)

বিষয় কোড: ১০২

সময়: ৩ ঘন্টা

পূর্ণমান: ১০০

ক-বিভাগ (ব্যাকরণ)-৩০

১. (ক) উদাহরণসহ অন্ত্য-অ উচ্চারণের পাঁচটি নিয়ম লেখো। ৫
অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের প্রমিত উচ্চারণ লেখো:
টঙ্কর, উন্মাসিক, অধিকতর, দুর্বিষহ, অধ্যক্ষ, ঔষধি, পদ্ধতি, বৎসর।
২. (ক) বাংলা বানানে 'ও'-কার ব্যবহারের পাঁচটি নিয়ম লেখো। ৫
অথবা, (খ) যেকোনো পাঁচটি শব্দের বানান শুদ্ধ করো:
অংশিদার, আকর্ষ, ঐশি, কংকাল, খন্ড, গবেষণা, ঘূর্নি, চূর্ণ।
৩. (ক) বিশেষ্যপদ কাকে বলে? উদাহরণসহ বিশেষ্যপদের শ্রেণিবিভাগ
বিশ্লেষণ করো। ৫
অথবা, (খ) নিম্নলিখিত অনুচ্ছেদে রেখাঙ্কিত পদগুলোর নাম লেখো:
(i) ওদের সকলেই পড়া পারেনি।
(ii) ফুটন্ত পানি।
(iii) শনশনে হাওয়া।
(iv) আমি বাড়ি গিয়ে ভাত খাব।
(v) বাবা এখন অসুস্থ।
(vi) আমি আগামীকাল ঢাকা যাব।
(vii) তোমাকে টাকা দিতে চাইলাম, কিন্তু নিলে না।
(viii) মন দিয়ে লেখাপড়া করো।
৪. (ক) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো (যেকোনো পাঁচটি) : ৫
অনাচার, হস্তান্তর, অনাশ্রিত, আরক্তিম, কালান্তর, প্রিয়ংবদা,
ছায়াশীতল, চৌরাস্তা।
অথবা, (খ) প্রত্যয়ের নামসহ প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় করো (যেকোনো পাঁচটি):
পড়ন্ত, বন্দিনী, বেঙ্গমান, নীলিমা, আঘাড়ে, বুনো, মানব, ঐচ্ছিক।
৫. (ক) বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্য গঠনে কী কী বৈশিষ্ট্য
থাকা আবশ্যিক? ৫

অথবা, (খ) নির্দেশানুসারে বাক্য রূপান্তর করো (যেকোনো পাঁচটি):

- (i) হৈম তার অর্থ বুঝল না। (অস্তিত্ববাচক)
- (ii) না মহারাজ, তিনি আশ্রমে নাই। (অস্তিত্ববাচক)
- (iii) প্রিয়ংবদা যথার্থ কহিয়াছেন। (নেতিবাচক)
- (iv) সরস্বতী বর দেবেন না। (প্রশ্নবাচক)
- (v) তাহারা কি পাষণ্ড? (নেতিবাচক)
- (vi) জননী ও জন্মভূমি কি স্বর্গের চেয়েও প্রিয় নয়? (নির্দেশসূচক)
- (vii) আমি তোমাকে নিতে এসেছি। (জটিল)
- (viii) যদিও সে দরিদ্র তথাপি সে চরিত্রবান। (যৌগিক)

৬. (ক) যেকোনো পাঁচটি বাক্য শুদ্ধ করে লেখো:

৫

- (i) অন্যায়ে প্রতিক্ষণ দুর্নিবার্য।
- (ii) আইনানুসারে তিনি একাজ করতে পারেন না।
- (iii) আমি তোমার কাছে কৃতজ্ঞতা রইলাম।
- (iv) উৎপন্ন বৃদ্ধির জন্যে কঠোর পরিশ্রম প্রয়োজন।
- (v) এই দুর্ঘটনা দৃষ্টি আমার হৃদকম্প উপস্থিত হলো।
- (vi) কালীদাস বিখ্যাত কবি।
- (vii) গোময় জ্বালানী কাষ্টরূপে ব্যবহৃত হয়।
- (viii) ছেলেটি বংশের মাথায় চুলকানি দিল।

অথবা, (খ) অনুচ্ছেদের অপপ্রয়োগগুলো শুদ্ধ করো:

প্রবাসি সিজার সাহেব অনেক বহুদিন পর উন্নতশীল বাংলাদেশে ফিরেছেন। তার ভয়ানক বুদ্ধিমতী কন্যার বিবাহের জন্যেই তার স্বস্ত্রীক দেশে আগমন। সদেশে এসে তিনি প্রথম যে বিষয়টি লক্ষ্য করলেন তাহা হল যাবতীয় গাড়িগুলো যানঘটে পরে আছে।

খ-বিভাগ (নির্মিত)-৭০

৭. ক. যেকোনো দশটি শব্দের পারিভাষিক রূপ লেখো :

১০

Zoo, Yard, Weight, Vendor, Unique, Term, Scale, Routine, Quarter, Provost, Organ, Notify, Myth, Ledger, Kidnap,

অথবা, খ. বাংলায় অনুবাদ করো :

An ant lived on the bank of a stream. By chance she fell into water and was about to die. A pigeon was sitting in a tree. He dropped a leaf close to the ant. She got on to the leaf and came to the bank.

৮. ক. বন্যা কবলিত এলাকা পরিদর্শনের একটি দিনলিপি রচনা করো। ১০
অথবা, খ. তোমার কলেজের বার্ষিক ক্রীড়ানুষ্ঠান সম্পর্কে একটি প্রতিবেদন
লেখো।

৯. ক. পরীক্ষায় ভালো ফলাফল করায় ছোট ভাইকে শুভেচ্ছা প্রবাসী
একটি খুদেবার্তা লেখো। ১০

অথবা, খ. তোমার দেখা একটি ঐতিহাসিক স্থানের বর্ণনা দিয়ে প্রবাসি
বন্ধুকে পত্র লেখো।

১০. ক. সারমর্ম লেখো : ১০

বহু দিন ধরে বহু ক্রোশ দূরে
বহু ব্যয় করি বহু দেশ ঘুরে
দেখিতে গিয়াছি পর্বতমালা
দেখিতে গিয়াছি সিন্ধু।
দেখা হয় নাই চক্ষু মেলিয়া
ঘর হইতে দুই পা ফেলিয়া
একটি ধানের শীষের ওপর
একটি শিশির বিন্দু।

অথবা, খ. ভাব-সম্প্রসারণ করো :
আপনারে লয়ে বিব্রত রহিতে
আসে নাই কেহ অবনী পরে।
সকলের তরে সকলে আমরা
প্রত্যেকে মোরা পরের তরে।

১১. ক. দু'ঘটনা রোধকল্পে করণীয় বিষয় সম্পর্কে ছাত্র-শিক্ষকের সংলাপ
লেখো। ১০

অথবা, খ. নিচের শিরোনাম অবলম্বনে 'প্রকৃতির সুবাতাস' বিষয়ে একটি
খুদেগল্প রচনা করো:
উন্মুক্ত প্রকৃতির টানে

১২. প্রবন্ধ রচনা করো (১টি) : ২০

- ক. বর্ষগমুখর দিন
- খ. বাংলাদেশের বন্যা
- গ. বাংলা নববর্ষ
- ঘ. ভূমিকম্পের ঝুঁকিতে বাংলাদেশ
- ঙ. বিজ্ঞানমনস্কতা